রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২৭, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ সেপ্টেম্বর ২০০৯

**নং জ্বালানী(অপাঃ-১)/পিবি/গ্যাস-৩/২০০৯/৫০৭**—দেশের বিভিন্ন স্থানে সিএনজি স্টেশন স্থাপনে Zoning Principle নিম্নরূপভাবে প্রণয়ন করা হ'ল ঃ

## Zoning Principle

১। **পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিম্নোক্ত এলাকাসমূহে নতুন সিএনজি স্টেশন স্থাপনের অনুমোদন স্থগিত করা হ'ল ঃ**

(১) ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের

১.১ যাত্রাবাড়ী-মেঘনা ব্রীজ অংশ,

১.২ কুমিল্লা বাইপাস সড়ক এলাকা,

১.৩ চৌদ্দগ্রাম, ফেনী, সীতাকুন্ড এলাকা,

(২) ঢাকা-সিলেট মহাসড়কের

২.১ কাঁচপুর ব্রীজ-ভৈরব ব্রীজ,

২.২ ভৈরব-বি. বাড়িয়া বিশ্বরোড-সরাইল সড়ক এলাকা,

(৩) ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের

৩.১ টঙ্গী ব্রীজ-জয়দেবপুর ক্যান্টেনমেন্ট সংযোগ সড়ক পর্যন্ত,

৩.২ শ্রীপুর-মাওনা এলাকা,

৩.৩ ত্রিশাল-ময়মনসিংহ শহরের প্রবেশ পর্যন্ত।

(৪) ঢাকা-আরিচা মহাসড়কের

৪.১ আমিনবাজার ব্রীজ-সাভার বাজার,

৪.২ ধামরাই ব্রীজ-পাটুরিয়া সংযোগ সড়ক।

(৫) ঢাকা-বগুড়া মহাসড়কের

৫.১ নবীনগর-চন্দ্রা মোড়,

৫.২ কালিয়াকৈর-টাঙ্গাইল বাইপাস-এলেঙ্গা,

৫.৩ শেরপুর-বগুড়া বাইপাস সড়ক।

(৬) সিরাজগঞ্জ-পাবনা সড়ক।

২। **নতুন সিএনজি স্টেশনের স্থাপনের অনুমোদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে ঃ**

(১) শহরের বাহির ও ভিতরে একই সড়কের একই পার্শ্বে একটি সিএনজি ফিলিং স্টেশন থেকে আরেকটি সিএনজি ফিলিং স্টেশনের ন্যূনতম দূরত্ব যথাক্রমে ৬ কিঃ মিঃ ও ৩ কিঃ মিঃ। শহরের বাহির ও ভিতরে একই সড়কের বিপরীত পার্শ্বে একটি সিএনজি ফিলিং স্টেশন থেকে আরেকটি সিএনজি ফিলিং স্টেশনের দূরত্ব যথাক্রমে ৪ কিঃ মিঃ ও ২ কিঃ মিঃ হতে পারে।

(২) প্রস্তাবিত সাইট এলাকায় পাইপলাইন গ্যাসের সহজলভ্যতা থাকতে হবে এবং সিএনজি স্টেশনে গ্যাস সরবরাহ বিষয়ে সংশ্লিষ্ট গ্যাস বিপণন কোম্পানীর সুস্পষ্ট সম্মতি থাকতে হবে।

(৩) নিম্নলিখিত ক্ষেত্রে (১) উপ-অনুচ্ছেদে বর্ণিত ন্যূনতম দূরত্বের সীমারেখা শিথিলযোগ্য ঃ

(ক) সাইটটি ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার মধ্যে হলে মালিকানা (সরকারী/বেসরকারী) যাই হোক না কেন;

(খ) বিদ্যমান পেট্রোল পাম্পের আঙ্গিনায়;

(গ) সরকারী বরাদ্দকৃত জমিতে অবস্থিত হলে;

(৪) Zoning Principle এলাকা সত্ত্বেও প্রস্তাবিত এলাকায় নির্মাণাধীন সিএনজি স্টেশনের সংখ্যা ও তাদের উৎপাদন ক্ষমতা যানবাহনের ঘনত্ব (স্থানীয় রেজিস্ট্রিকৃত ও আন্তঃনগর যানবাহনের সংখ্যাসহ) অর্থাৎ রূপান্তর যোগ্য বা রূপান্তরিত যানবাহনের সংখ্যার তুলনায় যদি এমন হয় যে প্রস্তাবিত স্টেশন স্থাপনের প্রয়োজন আছে সেক্ষেত্রে ন্যূনতম দূরত্বের সীমারেখা অবস্থাভেদে শিথিলযোগ্য।

(৫) প্রস্তাবিত সাইটের নিকটবর্তী সামনে-পিছনে দুইটি স্টেশনের কম্প্রেসরের গ্যাসের অনুমোদিত লোডের তুলনায় সিএনজি বিক্রয়ের পরিমাণ ৫০% এর কম হলে প্রস্তাবিত স্টেশনের অনুমোদন প্রদান করা যাবে না।

(৬) মেট্রোপলিটান এলাকার জন্য প্রস্তাবিত সাইটে সিএনজি স্টেশন স্থাপন করা হলে যানজট সৃষ্টি হবে না মর্মে মেট্রোপলিটান পুলিশ এর অনাপত্তি গ্রহণ করতে হবে।

(৭) মেট্রোপলিটান এলাকার বাইরে অন্যান্য এলাকার ক্ষেত্রে জমির মালিকানা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনাপত্তি থাকতে হবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আশরাফ আলী খান**

যুগ্ম-সচিব (প্র/অ)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd